রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ আগস্ট ২০১৫ খ্রিস্টাব্দ/১১ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ

**নং ০৩.৮০৫.০০০০.০৫০.০০.০০০.২০১৫-১২৮৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন আর্থিক সুবিধা (সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতা ইত্যাদি), বিভিন্ন সেবার জন্য ফি সংগ্রহ ও অন্যান্য আর্থিক লেনদেনসমূহ ইলেকট্রনিক উপায়ে প্রদানের লক্ষ্যে কৌশলপত্র প্রণয়নের জন্য নিম্নরূপভাবে একটি আন্তঃ মন্ত্রণালয় কমিটি গঠন করা হলো ঃ

**(ক) আন্তঃ মন্ত্রণালয় কমিটি :**

| | | | |
|---|---|---|---|
| (১) | মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | - | সভাপতি |
| (২) | সিনিয়র সচিব, অর্থ বিভাগ | - | সদস্য |
| (৩) | সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য |
| (৪) | সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | - | সদস্য |
| (৫) | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | - | সদস্য |
| (৬) | সচিব, শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| (৭) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| (৮) | সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন | - | সদস্য |
| (৯) | মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | - | সদস্য |
| (১০) | ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক | - | সদস্য |
| (১১) | ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড | - | সদস্য |
| (১২) | জনাব আনীর চৌধুরী, পলিসি এ্যাডভাইজার, এটুআই প্রোগ্রাম | - | সদস্য |
| (১৩) | কবির বিন আনোয়ার, মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম | - | সদস্য সচিব |

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।


**মূল্য ঃ** টাকা ৪.০০

**(খ) কমিটির কার্যপরিধি :**

(১) (অ) সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচীর ভাতা (Government to Person), (আ) বিভিন্ন ধরনের সরকারি সেবার জন্য ফি সংগ্রহ (Person to Government) এবং (ই) অন্যান্য আর্থিক লেনদেনসমূহ (Person to Person, Person to Business, Business to Business) এর ক্ষেত্রগুলোতে ইলেকট্রনিক পেমেন্ট এর জন্য পাইলট প্রকল্প গ্রহণের কর্মপরিকল্পনা সংক্রান্ত প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

(২) পাইলট প্রকল্পের ভিত্তিতে বাংলাদেশ সরকারের জন্য একটি কৌশলপত্র ও পথ নকশা প্রণয়ন; এবং

(৩) এতদ্‌সংক্রান্ত বিভিন্ন পক্ষের মধ্যে সমন্বয়ের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

২। কমিটি প্রয়োজনবোধে এতদ্‌সংক্রান্ত যেকোন কাজকে কমিটির কার্য-পরিধিতে অন্তর্ভুক্ত করতে পারবে।

৩। আন্তঃ মন্ত্রণালয় কমিটি বছরে অন্তত ৪ (চার) বার সভায় মিলিত হবে।

৪। এটি অবিলম্বে কার্যকর হবে।

**ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর**
পরিচালক (প্রশাসন)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব). উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd